

যুগান্তর

তারিখ

পৃষ্ঠা



লেখা পড়া

বই মানুষের জীবনের সবচেয়ে পুরনো বন্ধু। আর বর্তমানে নগরীর বিভিন্ন স্থানে নগরবাসীর জ্ঞানতৃষ্ণা মেটানোর জন্য অনেক লাইব্রেরি খড়ে উঠেছে। এসব লাইব্রেরির মধ্যে একটি ব্যতিক্রমী নাম হচ্ছে ওয়ার্ল্ড ব্যাংক লাইব্রেরি এবং পাবলিক ইনফরমেশন সেন্টার। মূলত ওয়ার্ল্ড ব্যাংক লাইব্রেরি পরিচালনা করা হচ্ছে বিশ্বব্যাংকের কার্যক্রম, তথ্যাদি, বাংলাদেশের ওপর বিভিন্ন সময়ে তাদের পরিচালিত কার্যক্রমের বিবরণ, রিপোর্ট, প্রজেক্ট ডকুমেন্ট প্রভৃতি আগ্রহীদের কাছে সহজলভ্য করে পৌঁছে দেয়ার জন্য। বিশ্বব্যাংক লাইব্রেরিতে বিশ্বব্যাংকের বিভিন্ন প্রকাশনার পাশাপাশি রয়েছে অন্য বিভিন্ন বিষয়ের ওপর প্রচুর বই, রিসার্চ পেপার, জার্নাল প্রভৃতি। এই লাইব্রেরিতে যে কেউ প্রতি কর্মদিবসে সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত অধ্যয়ন করতে



ওয়ার্ল্ড ব্যাংক লাইব্রেরি

পারবেন। এ ছাড়া বিশেষ প্রয়োজনে যে কেউ এখান থেকে বই বা রিপোর্টের অংশ ফটোকপি করেও নিতে পারবেন। আর পাঠকদের বাড়তি সুবিধা প্রদানের জন্য লাইব্রেরিতে ইন্টারনেট স্ট্রাউজিংয়ের সুবিধাও রয়েছে। এই লাইব্রেরি ১৯৮৭ সালের সেপ্টেম্বর থেকে আরও পর্যন্ত

জ্ঞানপিপাসুদের সেবা দিয়ে চলেছে। বর্তমানে লাইব্রেরিটিতে আট হাজারেরও বেশি বই রয়েছে। প্রতিনিয়ত নতুন নতুন বই, জার্নাল এবং রিসার্চ পেপার প্রভৃতি সংযোজিত হয় বলে জানাছেন এখানকার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। যে কেউ নিরবচ্ছিন্ন অধ্যয়নের জন্য যেতে পারেন ওয়ার্ল্ড

ব্যাংক লাইব্রেরিতে।

যোগাযোগ : ওয়ার্ল্ড ব্যাংক লাইব্রেরি এবং পাবলিক ইনফরমেশন সেন্টার
২ পরীব্যাগ, ঢাকা,
ফোন : ৯৬৬৯৩০১-৮।

□ আল-আমিন